

বাংলাদেশ জাতীয় সংসদ সচিবালয়

(আইন শাখা-১)

বৃহস্পতিবার ৭ শ্রাবণ ১৪১৭ মোতাবেক ২২ জুলাই ২০১০ তারিখ
বিকাল ৪-০০ ঘটিকায় অনুষ্ঠেয় সংসদের বৈঠকের জন্য

দিনের কার্যসূচি

প্রশ্ন

প্রশ্ন জিজ্ঞাসা এবং উত্তর।

জরুরী জন-গুরুত্বসম্পন্ন বিষয়ে মনোযোগ আকর্ষণ (বিধি-৭১)

জরুরী জন-গুরুত্বসম্পন্ন বিষয়ে মনোযোগ আকর্ষণ (বিধি-৭১)-এর আওতায় প্রাপ্ত নোটিশসমূহ নিম্নলিখিত।

আইন-প্রণয়ন কার্যাবলী

১(ক)। জনাব মোঃ মুজিবুল হক (কিশোরগঞ্জ-৩), মাননীয় সংসদ-সদস্য, দেশের বিভিন্ন সংগঠনের রাজনৈতিক বা অরাজনৈতিক কর্মসূচী প্রদান ও পালন জনস্বার্থমুখীকরণের লক্ষ্যে আনীত একটি বিল [জনস্বার্থ বিল, ২০১০] উত্থাপনের জন্য অনুমতি প্রার্থনা করিবেন।

১(খ)। অনুমতি মঞ্জুর করা হইলে তিনি বিলটি উত্থাপন করিবেন।

বেসরকারি সদস্যদের সিদ্ধান্ত-প্রস্তাব

(ক) উত্থাপিত সিদ্ধান্ত-প্রস্তাব

জনাব বেনজীর আহমদ (ঢাকা-২০), মাননীয় সদস্য কর্তৃক গত ১৫-০৭-২০১০ তারিখে উত্থাপিত নিম্নলিখিত সিদ্ধান্ত-প্রস্তাবটির উপর আলোচনা :-

“সংসদের অভিমত এই যে, দেশের প্রতিটি উপজেলায় নিম্ন আয়ের মানুষের জন্য রেশনিং ব্যবস্থা চালু করা হউক।”

(সংশোধনী পৃথকভাবে পরিবেশন করা হইয়াছে)

(খ) উত্থাপনীয় সিদ্ধান্ত-প্রস্তাব

১। বেগম নাজমা আকতার (মহিলা আসন-১৩), মাননীয় সদস্য, নিম্নলিখিত সিদ্ধান্ত-প্রস্তাবটি উত্থাপন করিবেন :-

“সংসদের অভিমত এই যে, ৭০ (সত্তর) উর্ধ্বের সকল সরকারী পেনশন ভোগীদের পেনশন ভাতা দ্বিগুণ করা হউক।”

(সংশোধনী পৃথকভাবে পরিবেশন করা হইয়াছে)

২। জনাব মোঃ ইসরাফিল আলম (নওগাঁ-৬), মাননীয় সদস্য, নিম্নলিখিত সিদ্ধান্ত-প্রস্তাবটি উত্থাপন করিবেন:-
“সংসদের অভিমত এই যে, কৃষি আবাদযোগ্য জমিতে যত্র-তত্র অপরিষ্কৃত স্থাপনা নির্মাণ বন্ধে জরুরী ভিত্তিতে জাতীয় নীতিমালা প্রণয়ন করা হউক।”

(সংশোধনী পৃথকভাবে পরিবেশন করা হইয়াছে)

- ৩। সাধনা হালদার (মহিলা আসন-৩২), মাননীয় সদস্য, নিলিখিত সিদ্ধান্ত-প্রস্তাবটি উত্থাপন করিবেন :-
“সংসদের অভিমত এই যে, জেলা শহর পিরোজপুরের ডিপোমা ইন নার্সিং ইনস্টিটিউটে বি. এস. সি ইন নার্সিং কোর্স চালু করা হউক।”

(সংশোধনী পৃথকভাবে পরিবেশন করা হইয়াছে)

- ৪। জনাব হাবিবুর রহমান মোলা (ঢাকা-৫), মাননীয় সদস্য, নিলিখিত সিদ্ধান্ত-প্রস্তাবটি উত্থাপন করিবেন :-
“সংসদের অভিমত এই যে, ঢাকা জেলার ডেমরা থানার মাতুয়াইল মাতৃসদন হাসপাতালটি পূর্ণাঙ্গ মেডিক্যাল কলেজ-এ উন্নীত করা হউক।”

(সংশোধনী পৃথকভাবে পরিবেশন করা হইয়াছে)

- ৫। জনাব আব্দুল মান্নান (বগুড়া-১), মাননীয় সদস্য, নিলিখিত সিদ্ধান্ত-প্রস্তাবটি উত্থাপন করিবেন :-
“সংসদের অভিমত এই যে, বগুড়া জেলা সদরে জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবের নামে একটি ফুটবল স্টেডিয়াম নির্মাণ করা হউক।”

(সংশোধনী পৃথকভাবে পরিবেশন করা হইয়াছে)

ঢাকা,

০৬ শ্রাবণ ১৪১৭
২১ জুলাই ২০১০

আশফাক হামিদ
সচিব